

পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা পর্ষদ

হাই মাদ্রাসা (২০২০)

অনুশীলন পত্র

শ্রেণি - নবম

বিষয় -বাংলা (প্রথম ভাষা)

(প্রথম পার্বিক অভিক্ষার পাঠ্যসূচী অনুসারে রচিত)

(গল্প ও প্রবন্ধ ও নাটক ও কবিতা)

১) নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

- ক) কিভাবে ইলিয়াস সর্বহারা হয়ে পড়েছিল ?
- খ) প্লেটো কে ছিলেন ?
- গ) ‘ইলিয়াস, গল্পে ইলিয়াস চরিত্রের যে দিক গুলি তোমার দৃষ্টিতে ধরা পড়ে তা নিজের ভাষায় লেখো ।
- ঘ) ‘মহারাজ এ সংবাদ শুনে খুব খুশি হবেন , - কোন সংবাদ শুনে মহারাজ খুশি হবেন ? সংবাদ শুনে মহারাজের অভিব্যক্তি কিরূপ হয়েছিল ?
- ঙ) ‘ব্যোমযাত্রির ডায়রি গল্পে লেখক শঙ্কর ডায়রিটি হাতে পাওয়ার পর কী কী অভিজ্ঞতার সম্মুখীন হয়ে ছিল তা নিজের ভাষায় লেখো ।

২) নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

- ক) ‘নোঙর , বলতে কী বোঝায় ?
- খ) ‘কলিঙ্গ দেশে ঝড় বৃষ্টি কবিতাটিতে কলিঙ্গ দেশ বলতে কোন দেশকে বোঝানো হয়েছে ?
- গ) ‘নিরবধি সাতদিন বৃষ্টি নিরন্তর, -কোথায় সাতদিন ধরে বৃষ্টি হয়েছিল ? এর ফলে প্রজারা যে দুর্গতির সম্মুখীন হয়েছিল তার বর্ণনা দাও ।
- ঘ) ‘সারারাত মিছে দাঁড়টানি,-কে , কেন মিছে দাঁড় টানেন ?

ব্যাকরণ ও নির্মিত্তি

৩) নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

- ক) স্বর ভক্তির অপর নাম কি ?
- খ) ধ্বনি পরিবর্তনের দুটি কারন উল্লেখ করো ।
- গ) অযোগবাহ বর্ণ কাকে বলে ? উদাহরণ দাও ।
- ঘ) উদাহরণ সহ অঘোষ বর্ণের সংজ্ঞা দাও ।
- ঙ) অপিনিহিত শব্দের অর্থ কী ? একটি উদাহরণ দিয়ে বিষয়টি বুঝিয়ে দাও ।
- চ) উপসর্গের কাজ কী ?
- ছ) উপসর্গের ও অনুসর্গের দুটি পার্থক্য লেখো ।

জ) ভাবসম্প্রসারণ করো :

‘পুষ্প আপনার জন্য ফোটে না

পরের জন্য তোমার হৃদয় কুসুমকে প্রস্তুত করিও ,

(শিক্ষার্থীরা বাড়িতে নিজেদের বিষয় ভিত্তিক খাতায় প্রশ্নগুলির উত্তর লিখবে এবং মাদ্রাসা খুললে শিক্ষকের কাছে জমা দেবে । কোনো অবস্থাতেই বাড়ির বাইরে বেরোবে না)